# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১


স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/৯৯৬১৬ তারিখ: ১৬/১১/২০২২খ্রি:

**বিষয়: প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র : ১. স্মারক নং: ৫৬.৮৩.০০০০.০০০.৯৯.০০১.২২.২৭, তারিখ: ০৬ আগস্ট ২০২২খ্রি.

২. স্মারক নং: ৩৭.০১.০০০০.১১১.৯৯.০০১.১৯.৫৩, তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে প্রাপ্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

১১/২০২২

(মো: রেজাউল হক)
রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০১

প্রাপক
অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/৯৯৬১৬(৭) তারিখ: ১৬/১১/২০২২খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি (সকল)।
৪. উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলর এর একান্ত সচিব (অ.দা.), (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. অফিস নথি।

১৬.১১.২২

(ড. মো: আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার

ই-মেইলে প্রাপ্ত

-২৫০

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১১১.৯৯.০০১.১৯.৫৩ | তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯
১১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে সকল বিশ্ববিদ্যালয়ে ইনক্লুসিভ ইউনিভার্সিটি উদ্যোগ বাস্তবায়ন প্রসঙ্গে**

সূত্র: ৫৬.৮৩.০০০০.৯৯.০০১.২২.২৭

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩" অনু্যায়ী বিশ্ববিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য "ইনক্লুসিভ ইউনিভার্সিটি" বাস্তবায়নের লক্ষ্যে সূত্রস্থ পত্র (সংযুক্তি-১,) অনুসারে উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (সংযুক্তি-১,)।

Tahmina Rahman
১১-৯-২০২২
তাহমিনা রহমান
অতিরিক্ত পরিচালক / সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার

বিতরণ :
১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১১১.৯৯.০০১.১৯.৫৩/১(৩) | তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯
১১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

Sabahat Rizvee
১১-৯-২০২২
খন্দকার সাবাহাত রিজভী
সহকারী কম্পিউটার প্রোগ্রামার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার
১৯৯৬
২২/৯/২২

21/9/22 SO. Hasan

-২৪৯-

Addl. Director
17/8/22
DD(UDL)
ACP

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
কাস্টোমার ইনোভেশন ল্যাব
www.a2i.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৯৯.০০১.২২.২৭

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৯ / ০৬ আগস্ট ২০২২

**বিষয়: প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণে সকল বিশ্ববিদ্যালয়ে ইনক্লুসিভ ইউনিভার্সিটি উদ্যোগ বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবন্ধী ব্যক্তি বান্ধব হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বৈশ্বিক পরিমন্ডলে সমাদৃতি অর্জন করেছে। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার নিশ্চিতকল্পে সরকার 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩' প্রণয়ন করেছে। এই আইন অনুযায়ী প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য একীভূত শিক্ষাগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। একীভূত শিক্ষা বাস্তবায়নের অংশ হিসেবে প্রাথমিকভাবে ১ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত ও পরবর্তীতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত মাল্টিমিডিয়া টকিং বই প্রণয়ন প্রণয়ন এবং ইনক্লুসিভ ইউনিভার্সিটি কার্যক্রমের আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর ১০০টি মাল্টিমিডিয়া টকিং বুক প্রণয়ন করা হয়। ইনক্লুসিভ ইউনিভার্সিটি কার্যক্রমের মূল উদ্দেশ্য হল ল্যাব ব্যবহার করে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য টকিং বই পড়ার সুযোগ সৃষ্টি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক দক্ষতা উন্নয়নের সুযোগ সৃষ্টি।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য একীভূত শিক্ষাব্যবস্থা নিশ্চিতকরণে সকল বিশ্ববিদ্যালয় অনুরূপ কার্যক্রম বাস্তবায়ন করতে পারে। ইনক্লুসিভ ইউনিভার্সিটি উদ্যোগ বাস্তবায়ন করতে বিশ্ববিদ্যালয়গুলোকে নিম্নবর্ণিত উদ্যোগসমূহ গ্রহণ করতে হবে।

ক. অ্যাক্সেসিবল ই-লার্নিং সেন্টার তৈরি করা (যেখানে কম্পিউটারের সঙ্গে অ্যাসিস্টিভ টেকনোলজি যুক্ত থাকবে); বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান কম্পিউটার ল্যাব থাকলে সেই ল্যাব অ্যাক্সেসিবল ই-লার্নিং সেন্টারে রূপান্তর করা যাবে;

খ. বিদ্যমান মাল্টিমিডিয়া টকিং বই ব্যবহার এবং আরও টকিং বই তৈরির উদ্যোগ গ্রহণ;

ঘ. প্রতিবন্ধী শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান এবং অ্যাক্সেসিবল ই-লার্নিং কোর্সের ব্যবহার চালু করা;

ঘ. প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার-সংক্রান্ত বিষয়ে শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের জন্য অন্যান্য সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা;

ঙ. ই-লার্নিং সেন্টারে একজন সমন্বয়ক নিযুক্ত করা, যিনি সেন্টারটি পরিচালনা করবেন এবং প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবেন;

চ. বিশ্ববিদ্যালয় এর সকল ওয়েবসাইট, অ্যাপ এবং ই-সেবা অ্যাক্সেসিবল বা অভিগম্য করা।

উল্লিখিত উদ্যোগসমূহ বাস্তবায়নে খুব বেশি আর্থিক সংশ্লিষ্টতা নেই বিধায় বিশ্ববিদ্যালয়গুলো নিজ অর্থায়নে তা বাস্তবায়ন করতে পারে। ইনক্লুসিভ ইউনিভার্সিটি উদ্যোগ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে আপনার দপ্তর থেকে বিশ্ববিদ্যালয়সমূহকে একটি পত্র প্রেরণ করা যেতে পারে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলোতে কতজন প্রতিবন্ধী শিক্ষার্থী অধ্যয়নরত আছে, অধ্যয়নের ক্ষেত্রে তাঁদের বিদ্যমান চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং শিক্ষাক্ষেত্রে প্রতিবন্ধী শিক্ষার্থীর ভাল ফলাফল করা ও দক্ষতা উন্নয়নে করণীয় নির্ধারণ করতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে একটি গবেষণা পরিচালনা করতে পারে। উপরিউল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় সকল প্রকার কারিগরি সহায়তা প্রদানে এটুআই প্রস্তুত আছে।

এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানাচ্ছি।

০৬-০৮-২০২২
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
০১৭১৫৬১৬৬৪৯
dewanmhk@yahoo.com

সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৯৯.০০১.২২.২৭/১ (২)

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৯ / ০৬ আগস্ট ২০২২

সদয় জ্ঞাতার্থে:

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং

২। উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০৬-০৮-২০২২

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)